গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং-০৫.৪২.১৯৬৭.০০০.৩১.০০১.২৩- ৭৯৬ তরিখ: ০৮ নভেম্বর ২০২৩ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ অনুযায়ী " প্রতিটি জেলা ও উপজেলায় ১টি করে ৩৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্প এর আওতায় কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য জনবল নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | মাসিক সম্মানী (সর্ব সাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পেশ ইমাম | ০১ জন | ১৫,০০০/- (পনের হাজার) টাকা | (ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/ দাওরায়ে হাদিস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>(গ) আরবিতে কথা বলা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২ | মুয়াজ্জিন | ০১ জন | ১০,০০০/- (দশ হাজার) টাকা | (ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত-এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৩ | খাদেম | ০২ জন | ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা | (ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী হতে হবে।<br>(খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদেম হিসেবে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ)জাতীয়তা (জ)শিক্ষাগত যোগ্যতা (ঝ) অভিজ্ঞতা এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক আবেদন করতে হবে।

০৩। আবেদনপত্র আগামী ৩০/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে জনবল নিয়োগ কমিটি, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা বরাবর অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। খামের উপরে পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিজনিত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে ।

০৪। আবেদনকারীর বয়স ৩০/১১/২০২৩ খ্রি. তারিখে ১নং পদের জন্য ৪৫ বছর এবং অন্যান্য পদের জন্য ১৮ হতে ৩০ বছর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা সন্তানদের/পোষ্যদের ক্ষেত্রে বয়স ৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।
(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি।
(গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

০৬। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। একাধিক পদে কোন প্রার্থী আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৭। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

০৮। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে পেশ ইমাম পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা ও মুয়াজ্জিন পদের ক্ষেত্রে ৩০০/-(তিনশত) টাকা এবং খাদেম পদের ক্ষেত্রে ২০০/-(দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, আদর্শ সদর, কুমিল্লা বরাবর দাখিল করতে হবে।

০৯। এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এবং মসজিদে দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করে এমন কোন চাকুরীতে নিয়োজিত ব্যক্তি আবেদন করতে পারবে না।

১০। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে একই দিন বিকাল ৩টায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লায় মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

১২। যেকোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৩। আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**[ পরীক্ষার স্থান, তারিখ ও সময় পরবর্তীতে জানিয়ে দেয়া হবে]**

০৮/১১/২৩
রুবাইয়া খানম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে
জনবল নিয়োগ কমিটি
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

স্মারক নং-০৫.৪২.১৯৬৭.০০০.৩১.০০১.২৩ তরিখ: ০৮ নভেম্বর ২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-১০।
২. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. জেলা প্রশাসক, কুমিল্লা।
৪. পুলিশ সুপার, কুমিল্লা।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
৬. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
৭. সহকারী কমিশনার (ভূমি), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
৮. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, কুমিল্লা।
৯. উপজেলা ........................................কর্মকর্তা (সকল), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
১০. অফিসার ইনচার্জ, কোতয়ালী মডেল থানা, কুমিল্লা।
১১. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ............................................................কলেজ/মাদ্রাসা/উচ্চ বিদ্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
১২. চেয়ারম্যান,......................................................, ইউনিয়ন পরিষদ(সকল), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
১৩. ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা (বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৪. জনাব ..............................................................
১৫. সম্পাদক . . . . . . . . . . . . . . . . . . . . দৈনিক পত্রিক। উপরোক্ত বিজ্ঞপ্তিখানা আগামী ১০/১১/২০২৩ তারিখের মধ্যে তার পত্রিকায় ০১ (এক) দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৬. অফিস কপি।

০৮/১১/২৩
রুবাইয়া খানম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে
জনবল নিয়োগ কমিটি,
কুমিল্লা সদর দক্ষিণআদর্শ সদর, কুমিল্লা